


বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে পরিচালনার লক্ষ্যে গবেষণা প্রস্তাব দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি মাঠ প্রশাসনে অবহিতকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১৭.২০.০০১.২৩.৪৮; তাং: ২২/০৪/২০২৪।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব বাজেটের গবেষণা খাতের বরাদ্দ হতে গবেষণা পরিচালনার নিমিত্ত গবেষণা প্রস্তাব আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি সূত্র স্মারকের মাধ্যমে গত ২২/০৪/২০২৪ তারিখে জারি করা হয়েছে (সংযুক্ত)। মন্ত্রিপরিষদের বিদ্যমান গবেষণা নির্দেশিকা (এপ্রিল ২০০৪ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী গবেষণা দল গঠন করে মাঠ প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণের (৯ম বা তদুর্ধ্ব গ্রেড) গবেষণায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। গত ০৪/০৪/২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের গবেষণা ব্যবস্থাপনা কমিটির সভায় ২০২৪-২৫ অর্থবছরের জন্য গবেষণা প্রস্তাব আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে মাঠ প্রশাসনে ব্যাপক প্রচারের জন্য বিজ্ঞপ্তি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়।

০২। বর্ণিতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব বাজেটের গবেষণা খাতের বরাদ্দ হতে গবেষণা পরিচালনার নিমিত্ত গবেষণা প্রস্তাব আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ মাঠ প্রশাসনে প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: ২০২৪-২৫ অর্থবছরে গবেষণা পরিচালনার নিমিত্ত প্রস্তাব আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি।


২৪.০৪.২০২৪
(মোঃ জালাল হাবিবুর রহমান)
উপসচিব
ফোন: ৪১০৫০১২৭
ই-মেইল: rc_scc@cabinet.gov.bd

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়





স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১৭.২০.০০১.২৩.৫৪/১(৪)

তারিখ: ২৪ এপ্রিল ২০২৪

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো):

- ১। জনাব সায়লা ফারজানা, অতিরিক্ত সচিব জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সদস্য, গবেষণা ব্যবস্থাপনা কমিটি
- ২। যুগ্মসচিব, প্রকল্প ও গবেষণা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)


২৪.৪.২৪


২৪.০৪.২০২৪
(মোঃ জালাল হাবিবুর রহমান)
উপসচিব

